

### নিয়োগ বিজ্ঞপ্তি

রিয়াদস্থ বাংলাদেশ দূতাবাসের শ্রমকল্যাণ উইংয়ের স্থানীয়ভিত্তিক শূন্য পদে অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সৌদি আরবে অবস্থানরত বৈধ ইকামা ও পাসপোর্টধারী বাংলাদেশী নাগরিক/সৌদি নাগরিক/আরবি ভাষায় পারদর্শী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শর্তাবলী
১।	কল্যাণ কর্মকর্তা বেতন স্কেল: ৩৫৪০-১২০-৪৭৪০ সৌদি রিয়াল	০১ (এক)	(ক) স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম বিএ/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, তবে সৌদি আরবের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে; (খ) আরবি, ইংরেজি ও বাংলা ভাষায় যোগাযোগ দক্ষতা থাকতে হবে; (গ) বেসিক কম্পিউটিংসহ বাংলা, ইংরেজি ও আরবি টাইপে দক্ষ হতে হবে; (ঘ) সৌদি আরবের শ্রম, ইকামা ও শরিয়া আইন সম্পর্কে স্বচ্ছ ধারণা ও দক্ষতা থাকতে হবে; (ঙ) সৌদি আরবে বৈধ লাইসেন্সসহ ড্রাইভিং জানা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
২।	কল্যাণ সহকারী বেতন স্কেল: ৩৫৪০-১২০-৪৭৪০ সৌদি রিয়াল	০৫ (পাঁচ)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম বিএ/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে, তবে সৌদি আরবের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণদের অগ্রাধিকার দেয়া হবে; (খ) আরবি, ইংরেজি ও বাংলা ভাষায় যোগাযোগ দক্ষতা থাকতে হবে; (গ) বেসিক কম্পিউটিংসহ বাংলা, ইংরেজি ও আরবি টাইপে দক্ষ হতে হবে; (ঘ) সৌদি আরবের শ্রম ও শরিয়া আইন সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে; (ঙ) সৌদি আরবে বৈধ লাইসেন্সসহ ড্রাইভিং জানা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
৩।	কম্পিউটার ও ডাটা এন্ড্রি অপারেটর বেতন স্কেল: ৩৫৪০-১২০-৪৭৪০ সৌদি রিয়াল	০২ (দুই)	(ক) স্বীকৃত প্রতিষ্ঠান হতে উচ্চমাধ্যমিক/ডিপ্লোমা বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (খ) বেসিক কম্পিউটিংসহ বাংলা, ইংরেজি/আরবি টাইপে দক্ষ হতে হবে; (গ) Microsoft office- ব্যবহারে দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; (ঘ) হার্ডওয়ার ও সফটওয়ার ট্রাবলশ্যুটিং, নেটওয়ার্কিং ও গ্রাফিক ডিজাইনিং -এ দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে; (ঙ) সৌদি আরবে বৈধ লাইসেন্সসহ ড্রাইভিং জানা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে;
৪।	সেইফহোম তত্ত্বাবধায়ক বেতন স্কেল: ২৮৫০ সৌদি রিয়াল (সর্ব সাকুল্যে)	০১ (এক)	(ক) স্বীকৃত প্রতিষ্ঠান হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; (খ) আরবি, ইংরেজি ও বাংলা ভাষায় ন্যূনতম যোগাযোগ দক্ষতা থাকতে হবে। (গ) বেসিক কম্পিউটিংসহ বাংলা, ইংরেজি/আরবি টাইপে দক্ষ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে; (ঘ) নারী প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে;

#### শর্তাবলীঃ

- প্রার্থীর বয়স আবেদন গ্রহণের সর্বশেষ তারিখ পর্যন্ত অনূর্ধ্ব ৩২ বৎসর হতে হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য;
- আগামী ১৪/০৪/২০২৫ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র শ্রমকল্যাণ উইংয়ের ১১০ নং কক্ষে সরাসরি জমা দেয়া যাবে অথবা ইমেইল [mission.riyadh@mofa.gov.bd](mailto:mission.riyadh@mofa.gov.bd) -এ পাঠানো যাবে;
- সদ্যতোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি, ইকামা, পাসপোর্ট ও ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) জমা দিতে হবে;
- মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার মূল সনদ অবশ্যই প্রদর্শন করতে হবে;
- নিয়োগকর্তার নিকট থেকে অনাপত্তিপত্র/অনুমতিপত্র দাখিল করতে হবে;
- অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
- কর্তৃপক্ষ চাইলে বিজ্ঞাপনে উল্লিখিত পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন;
- নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যে কোন তদবির অযোগ্যতা হিসেবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে;

  
২৪/০৩/২০২৫

(মো: রেজাউল ইসলাম)  
কাউন্সেলর ও দূতালয় প্রধান